

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
পরিকল্পনা শাখা

বিষয়: ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্পের Project Steering Committee (PSC) সভার কার্যবিবরণী।

সভাপতি	আবু হেনা মোঃ রহমাতুল মুনিম সিনিয়র সচিব
সভার তারিখ	২২-০৬-২০২৩
সভার সময়	১০.০০ ঘটিকা
স্থান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত করা হলো

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ বিভাগের যুগ্ম সচিব (পরিকল্পনা) সভায় প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে আলোকপাত করেন। এডিপিভূক্ত প্রকল্পটির উপর বিস্তারিত আলোচনায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা, বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালক-কে অনুরোধ করা হয়:

০২। প্রকল্প পরিচালক নিম্নোক্তভাবে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন যে, একনেক কর্তৃক প্রকল্পের ডিপিপি অনুমোদিত হয় আগস্ট/২০১৭। প্রকল্প পরিচালক নিয়োগ করা হয় এপ্রিল/২০১৮। Project Implementation Unit (PIU) গঠন করা হয় জুলাই/২০১৮। আমদানি রাষ্ট্রানি বাণিজ্যের সাথে সম্পৃক্ত ৩৯টি দপ্তরের সাথে MoU স্বাক্ষর করা হয় ০৭ আগস্ট, ২০১৮। প্রকল্পের কার্যক্রম সম্পাদনের জন্য World Bank এর রেগুলেশন অনুযায়ী ন্যাশনাল প্রকিউরমেন্ট কনসালটেন্ট (NPC) ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট স্পেশালিস্ট (FMS), ইন্টারন্যাশনাল প্রকিউরমেন্ট স্পেশালিস্ট (IPS) ও ইন্টারন্যাশনাল টেকনিক্যাল স্পেশালিস্ট নিয়োগ করা হয়েছে। World Bank এর রেগুলেশন মোতাবেক Project Management & Quality Assurance (PMQA) Consultancy Service প্রদানকারী Pricewaterhouse Coopers Pvt. Ltd. (PWC), India নামীয় প্রতিষ্ঠানটি তিন বছরের জন্য জানুয়ারি/২০২০ হতে চুক্তিবদ্ধ হয়ে কার্যক্রম শুরু করেছে। ক্রয় প্যাকেজে NBR-RFP1A এর মাধ্যমে সফটওয়্যার ভেবর হতে যে স্পেসিফিকেশন পাওয়া যাবে তার ভিত্তিতে ক্রয় প্যাকেজ NBR-GD2A এর হার্ডওয়্যার ক্রয় করা হবে।

প্যাকেজ নং NBR-RFP1A এর বিডি এনএসডব্লিউ সলিউশন সফটওয়্যার, ডাটাবেজ সফটওয়্যার ও রিস্ক ম্যানেজমেন্ট সফটওয়্যার ক্রয়ের লক্ষ্যে Initial Selection Document (ISD) প্রস্তুত পূর্বক গত ০৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখে বিজ্ঞাপন প্রকাশের প্রেক্ষিতে ইতোমধ্যে দেশী বিদেশী ১৯টি স্বনামধন্য প্রতিষ্ঠান উক্ত ডকুমেন্ট ক্রয় করে এবং ১২ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে Pre-Bid-Application মিটিং অনুষ্ঠিত হয়। এর মধ্যে ০৪ টি প্রতিষ্ঠান Initially Selected হয়। এই প্যাকেজের মাধ্যমে ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো সিস্টেম এর মূল ২টি সফটওয়্যার ক্রয় করা হবে। আলোচ্য ক্রয় প্যাকেজটি (NBR-RFP1A) দুই স্তর বিশিষ্ট হওয়ায় প্রাপ্ত তিনটি প্রতিষ্ঠানের Technical Proposal TEC কর্তৃক চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন ২৫.০৮.২০২২ খ্রি: তারিখ বিশ্বব্যাংকে প্রেরণ করা হয়। বিশ্বব্যাংক থেকে ২৬.০৮.২০২২খ্রি: তারিখ অনাপত্তি পাওয়া যায় এবং ২৮.০৮.২০২২খ্রি: তারিখ HOPEকর্তৃক অনুমোদিত হয়। First Stage Technical Proposal-র অনুমোদন মোতাবেক

আলোচ্য ৩ জন বিডারকে **Second Stage Technical & Financial Proposal** জমা প্রদান করার জন্য আহ্বান করা হয়। উক্ত **proposal** জমা প্রদানের নির্ধারিত সময়সীমা ছিল ১৩ অক্টোবর, ২০২২ খ্রি: তারিখ। উক্ত তারিখের মধ্যে দুইজন বিডার এর কাছ থেকে **Proposal** পাওয়া যায়। বাকী একজন বিডার তাদের **Internal** কিছু সমস্যার কারণে আলোচ্য বিড প্রক্রিয়া থেকে নিজেকে **Withdraw** করে নিয়েছেন মর্মে ইমেইলের মাধ্যমে জানান। পরবর্তীতে ২২ জানুয়ারী ২০২৩ খ্রি: তারিখে উক্ত **NBR-RFP1A** প্যাকেজ এর **2nd Stage** এর (চূড়ান্ত পর্যায়) দরপত্র মূল্যায়নের কার্যক্রম সম্পন্ন করা হয়। তৎপরবর্তীতে দরপত্র মূল্যায়ন প্রতিবেদন **World Bank** এ প্রেরণ করা হলে **World Bank** কর্তৃক ২৪ জানুয়ারী, ২০২৩ খ্রি: তারিখে **NOC** প্রদান করা হয়। বর্তমানে উক্ত ক্রয় প্রস্তাব সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। আশা করা যাচ্ছে এই মাসের মধ্যেই **software vendor** এর সাথে **contract sign** করা হবে। প্রকল্প বাস্তবায়নের প্রস্তাবিত মোট প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ৫৮৪ কোটি টাকা। প্রকল্পের ২টি প্যাকেজ যা (**NBR-RFP1A**)ও **NBR-GD2A** এর প্রাক্কলিত ব্যয় যথাক্রমে ২৯৯.৪০কোটি ও ১৭১.৩৩ কোটি অর্থাৎ ৪৭০.৭৩ কোটি টাকা। আর এই দুটো প্যাকেজেই প্রকল্পের ৮০.৪১ % অর্থ বরাদ্দ থাকায় প্রকল্পের কাজের অগ্রগতি হলেও ব্যয় এর হার কম দৃশ্যমান হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন।

০৩। প্রকল্প পরিচালক প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা ও বিগত সভার অগ্রগতি নিম্নোক্তভাবে সভাকে অবহিত করেন:

কাজের বিবরণ	সম্পাদনের সম্ভাব্য সময়	সম্ভাব্য সম্পাদনের তারিখ
NSW Solution & ARMS Software	৩ (তিন) বছর	৩০/০৬/২০২৬ খ্রি.
Package#NBR-RFP1A (Contract Signing)	১ (এক) মাস	৩০/০৬/২০২৩ খ্রি.
Package#NBR-GD2A (Request for Bids)	৩ (তিন) মাস	৩০/০৮/২০২৩ খ্রি.
Package#NBR-GD2A (Evaluation of Bids)	০৮ (আট) মাস	২৮/০২/২০২৪ খ্রি.
Package#NBR-GD2A (Approval & Contract Signing)	১ (এক) বছর	৩০/০৬/২০২৪ খ্রি.
NBR-SD5B Package এর আওতায় NPC নিয়োগ কার্যক্রম	-	ইতোমধ্যে সম্পন্ন হয়েছে
NBR-SD4A Package এর আওতায় FMS নিয়োগ কার্যক্রম	-	ইতোমধ্যে সম্পন্ন হয়েছে
NBR-SD1A Package এর আওতায় PMQA নিয়োগ কার্যক্রম	৯ (নয়) মাস	৩১/০৩/২০২৪ খ্রি.
NBR-SD1B Package এর আওতায় “Project Management and Contract Monitoring Services” নিয়োগ কার্যক্রম	১ (এক) মাস	৩০/০৬/২০২৩ খ্রি.
NBR-SD 8 Package এর আওতায় Internal Audit (National) নিয়োগ কার্যক্রম	০৮ (আট) মাস	২৮/০২/২০২৪ খ্রি.
সার্বিক প্রতিবেদন প্রস্তুত	-	-
জাতীয় রাজস্ব বোর্ডের নিকট হস্তান্তর	-	-

প্রকল্প পরিচালক জানান যে, সংশোধিত **DPP** অনুযায়ী আগামী ৩১/১২/২০২৩ খ্রি: তারিখে প্রকল্পের মেয়াদ সমাপ্ত হবে। এ বিষয়ে বিগত **PSC ১৪/০২/২০২২ খ্রি:তারিখে** সভায় অনুমোদনের আলোকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে **ERD** তে পত্র প্রেরণের ভিত্তিতে **World Bank** হতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির অনুমোদন পাওয়া গিয়েছে, যা **ERD** হতে জানানো হয়েছে। সে আলোকে **DPP** সংশোধনের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। ডিপিপি সংশোধনের জন্য কমিটি গঠন করা হয়েছে। আশা করা যাচ্ছে জুলাই ২০২৩ এ অর্থাৎ প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার ৫ মাস পূর্বেই সংশোধিত ডিপিপি অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করা হবে।

প্রকল্প পরিচালক আরো জানান যে, **NSW** প্রকল্পে **PMQA service provider** হিসেবে **PricewaterhouseCoopers (PwC)** চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান হিসেবে কাজ করে যাচ্ছে। তাদের চুক্তির মেয়াদ

ছিল ১৭ মার্চ, ২০২৩ পর্যন্ত। PMQA service provider Pricewaterhouse Coopers (PWC) চুক্তি নবায়নে আগ্রহী না হলে নতুন প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নতুন PMQA service provider নিয়োগের জন্য গত ১১-০৫-২০২৩ এ দৈনিক সমকাল এবং The Daily Financial Express এ REOI প্রকাশ করা হয়েছে, যার প্যাকেজ নং NBR-SD1A। EOI জমা প্রদানের শেষ তারিখ ০৪ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ। তাছাড়া, NSW প্রকল্পে PMQA service provider হিসেবে PricewaterhouseCoopers (PwC) চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান চুক্তি নবায়নে আগ্রহী না হওয়ায় গত ১১-০৫-২০২৩ এ নতুন প্রতিষ্ঠান নিয়োগের জন্য REOI প্রকাশ করা হয়েছে। এই প্রক্রিয়ায় নতুন PMQA service provider নিয়োগ করতে প্রায় ৯ মাস সময় লেগে যাবে। অন্যদিকে NSW প্রকল্পের software vendor আগামী ২ মাসের মধ্যেই তাদের কাজ শুরু করে দিবে। এমতাবস্থায় software vendor এর কাজ মনিটরিং পূর্বক নতুন PMQA service provider এর নিকট কাজ বুঝিয়ে দেয়ার জন্য আগামী ৬ মাসের জন্য “Project Management and Contract Monitoring Services” নামক Individual consultant নিয়োগ করা প্রয়োজন। উল্লেখ্য যে, এ বিষয়ে ইতিমধ্যে World Bank এর নিকট হতে অনাপত্তি পাওয়া গিয়েছে।

প্রকল্প পরিচালক আরো জানান যে, প্রকল্পের আওতায় দ্বিতীয় বৃহৎ ক্রয় প্যাকেজ হলো Hardware Procurement সংক্রান্ত, যার প্যাকেজ নং NBR-GD2A। আশা করা যাচ্ছে আগামী সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে প্যাকেজ নং NBR-GD2A এর RFP তৈরি করা হবে।

এ বিভাগের যুগ্মসচিব পরিকল্পনা সভাকে জানান যে, উক্ত প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বাজেটে ২১.০০ (একুশ) কোটি টাকা বরাদ্দ প্রদানের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে।


এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, প্রতিটি প্রকল্পের বরাদ্দ চাহিদার ক্ষেত্রে অর্থবছরের শুরুতে ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং উক্ত ক্রয় পরিকল্পনা অনুযায়ী যে পরিমাণ অর্থ ব্যয় করতে পারবে, সেই পরিমাণ বাজেট বরাদ্দ প্রদানের জন্য চাহিদা প্রেরণ করতে হবে। যাতে করে উক্ত প্রকল্পের অর্থনৈতিক অগ্রগতির সাথে বাস্তবায়ন অগ্রগতির সামঞ্জস্য থাকে। তিনি আরও জানান যে, ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে অপারগ হলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক-কে সে বিষয়ে স্বয়ংসম্পূর্ণ ব্যাখ্যা প্রদান করতে হবে।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ	বাস্তবায়কারী সংস্থা
সিদ্ধান্ত-১: NSW প্রকল্পের ডিপিপি সংশোধনের জন্য কমিটি গঠন করে প্রকল্পের মেয়াদ ৩১/১২/২০২৩ ইং শেষ হওয়ার তিন মাস পূর্বেই সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত-২: নতুন PMQA Service Provider প্রতিষ্ঠান নিয়োগের ব্যবস্থা করা	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত-৩: নতুন PMQA Service Provider নিয়োগ করতে প্রায় ৯ মাস সময় লেগে যাবে বিধায় Software Vendor এর কাজ মনিটরিংপূর্বক নতুন PMQA Service Provider এর নিকট কাজ বুঝিয়ে দেওয়ার জন্য আগামী ৬ মাসের জন্য Individual consultant নিয়োগ করা।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত-৪: সেপ্টেম্বর ২০২৩ তারিখের এর মধ্যে প্যাকেজ নং NBR-GD2A এর ক্রয় প্যাকেজ তৈরী করা।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক

সিদ্ধান্ত-৫: উক্ত প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ কেন ব্যয় করা হয়নি সে বিষয়ে স্বয়ংসম্পূর্ণ জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প ব্যাখ্যা প্রদান করতে হবে।	পরিচালক
---	---------

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব


স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৯.০৬.০০১.২০.১৫৩

তারিখ: ২০ আষাঢ়. ১৪৩০

০৪ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা
- ২) সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা
- ৩) সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়
- ৫) সদস্য, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
- ৬) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়
- ৭) সদস্য, কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা, জাতীয় রাজস্ব বোর্ড
- ৮) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা
- ৯) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ১০) সদস্য, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
- ১১) যুগ্মসচিব, পরিকল্পনা শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ১২) সদস্য (অতিরিক্ত দায়িত্ব), শুল্ক ও ভ্যাট প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
- ১৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ১৪) সদস্য, কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা, জাতীয় রাজস্ব বোর্ড
- ১৫) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
- ১৬) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন
- ১৭) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ



কানাই লাল শীল
সিনিয়র সহকারী সচিব